# বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পিরোজপুর

পিরোজপুর-৮৫০০

স্মারক নং : বশেমুরবিপ্রবিপি/রেজিস্ট্রার দপ্তর/নিয়োগ(কর্মকর্তা-কর্মচারী)/২০২৩/২৮৬

তারিখ : ০৯ পৌষ, ১৪৩০ বঙ্গাব্দ
২৪ ডিসেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি (কর্মকর্তা-কর্মচারী)

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পিরোজপুর এর রাজস্ব খাতে জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী নিম্নোক্ত পদসমূহে নিয়োগের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল | সংখ্যা | ক্রমিক | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল | সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ১ | উপপরিচালক (অর্থ ও হিসাব)<br>গ্রেড-৬,বেতন স্কেল: ৩৫,৫০০-৬৭,০১০/- | ১টি | ২ | সেকশন অফিসার<br>গ্রেড-৯, বেতন স্কেল: ২২,০০০-৫৩,০৬০/- | ১টি |
| ৩ | হিসাবরক্ষক<br>গ্রেড-১১, বেতন স্কেল : ১২,৫০০-৩০,২৩০/- | ১টি | ৪ | ল্যাব এ্যাসিস্টেন্ট<br>গ্রেড-১৩, বেতন স্কেল : ১১,০০০-২৬,৫৯০/- | ১টি |
| ৫ | অফিস সহকারী কাম কম্পিউটার টাইপিস্ট<br>গ্রেড-১৬, বেতন স্কেল : ৯,৩০০-২২,৪৯০/- | ৭টি | ৬ | গাড়িচালক (গাড়ি ক্রয় সাপেক্ষে)<br>গ্রেড-১৬, বেতন স্কেল : ৯,৩০০-২২,৪৯০/- | ১টি |
| ৭ | ল্যাব এটেনডেন্ট<br>গ্রেড-১৮, বেতন স্কেল : ৮,৮০০-২১,৩১০/- | ১টি | ৮ | অফিস সহায়ক<br>গ্রেড-২০, বেতন স্কেল : ৮,২৫০-২০,০১০/- | ৭টি |
| সর্বমোট | | | | | ২০টি |

আগ্রহী প্রার্থীগণকে উল্লিখিত পদসমূহের বিপরীতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পিরোজপুর এর ওয়েবসাইট www.bsmrstup.ac.bd এর CAREER মেন্যুতে সংরক্ষিত আবেদন ফরম, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা এবং শর্তাবলি (পূর্ণাঙ্গ বিজ্ঞপ্তি) এর আলোকে আগামী ২৫/০১/২০২৪ তারিখের মধ্যে আবেদন করতে হবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

২৪.১২.২০২৩খ্রি.

(ড. অলক কুমার সাহা)
রেজিস্ট্রার (চুক্তিভিত্তিক)
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি
বিশ্ববিদ্যালয়, পিরোজপুর
ফোন : ০২-৫৫০৭৩০৪৭

# বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পিরোজপুর
## পিরোজপুর-৮৫০০

স্মারক নং : বশেমুরবিপ্রবিপি/রেজিস্ট্রার দপ্তর/নিয়োগ(কর্মকর্তা-কর্মচারী)/২০২৩/২৮৬

তারিখ : ০৯ পৌষ, ১৪৩০ বঙ্গাব্দ
২৪ ডিসেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি (কর্মকর্তা-কর্মচারী)

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পিরোজপুর এর রাজস্ব খাতে জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী নিম্নোক্ত পদসমূহে নিয়োগের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল | সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১ | উপপরিচালক (অর্থ ও হিসাব)<br>গ্রেড-৬<br>বেতন স্কেল: ৩৫,৫০০-৬৭,০১০/- | ১টি | (ক) প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বানিজ্যে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষাজীবনে সকল পর্যায়ে ন্যূনতম ২য় বিভাগ/ শ্রেণি/সমমানের জিপিএ থাকতে হবে;<br>(খ) সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত/সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে অর্থ ও হিসাব সংক্রান্ত কাজে প্রথম শ্রেণির কর্মকর্তা পদে (জাতীয় বেতন স্কেলের ৯ম গ্রেড বা তদূর্ধ্ব) ৫ (পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতাসহ মোট ৮ (আট) বছরের অভিজ্ঞতা থাকতে হবে;<br>(গ) সরকারি আইন ও বিধিবিধান সম্পর্কে সুস্পষ্ট ধারনাসহ প্রশাসনিক কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া যেতে পারে। প্রার্থীকে তথ্য প্রযুক্তি ও কম্পিউটার ব্যবহারে পারদর্শী হতে হবে;<br>(ঘ) বয়স অনূর্ধ্ব ৩৮ বছর। |
| ২ | সেকশন অফিসার<br>গ্রেড-৯<br>বেতন স্কেল: ২২,০০০-৫৩,০৬০/- | ১টি | (ক) প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যেকোনো বিষয়ে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষাজীবনে সকল পর্যায়ে ন্যূনতম ২য় বিভাগ/ শ্রেণি/সমমানের জিপিএ থাকতে হবে।<br>(খ) সরকারি আইন ও বিধিবিধান সম্পর্কে সুস্পষ্ট ধারনাসহ প্রশাসনিক/অ্যাকাডেমিক কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া যেতে পারে। প্রার্থীকে তথ্য প্রযুক্তি ও কম্পিউটার ব্যবহারে পারদর্শী হতে হবে। |
| ৩ | হিসাবরক্ষক<br>গ্রেড-১১<br>বেতন স্কেল : ১২,৫০০-৩০,২৩০/- | ১টি | (ক) প্রার্থীকে সকল পর্যায়ে কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণি বা এর সমতুল্য জিপিএসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বানিজ্যে স্নাতক ডিগ্রীর অধিকারী হতে হবে;<br>(খ) সরকারি/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত/সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে হিসাবরক্ষণ/ক্যাশের কাজে কমপক্ষে ১ (এক) বৎসর চাকরির অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া যেতে পারে। প্রার্থীর কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকতে হবে। |
| ৪ | ল্যাব এ্যাসিস্টেন্ট<br>গ্রেড-১৩<br>বেতন স্কেল : ১১,০০০-২৬,৫৯০/- | ১টি | (ক) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে ০৩ বছর মেয়াদী কম্পিউটার ডিপ্লোমা/সমমান পাশ হতে হবে;<br>অথবা<br>(খ) প্রার্থীকে সকল পর্যায়ে কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণি বা এর সমতুল্য জিপিএসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক পাশ হতে হবে। সরকার অনুমোদিত প্রতিষ্ঠান হতে ০৬ (ছয়) মাস মেয়াদি কম্পিউটার ডিপ্লোমাধারী হতে হবে। ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য। |
| ৫ | অফিস সহকারী কাম কম্পিউটার টাইপিস্ট<br>গ্রেড-১৬<br>বেতন স্কেল : ৯,৩০০-২২,৪৯০/- | ৭টি | (ক) প্রার্থীকে সকল পর্যায়ে কমপক্ষে ২য় বিভাগ বা এর সমতুল্য জিপিএসহ কোন স্বীকৃত শিক্ষাবোর্ড হতে এইচএসসি/সমমান পাশ হতে হবে;<br>(খ) কম্পিউটারে বাংলা ও ইংরেজিতে প্রতি মিনিটে কমপক্ষে যথাক্রমে ২৫ (পঁচিশ) ও ৩০ (ত্রিশ) শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। দাপ্তরিক কাজসহ কম্পিউটার পরিচালনা, ডাটা এন্ট্রি, ওয়ার্ড প্রসেসিং ও স্প্রেডশীট ব্যবহারে দক্ষতা থাকতে হবে। |
| ৬ | গাড়িচালক<br>গ্রেড-১৬<br>বেতন স্কেল : ৯,৩০০-২২,৪৯০/- | ০১টি | (ক) প্রার্থীকে কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হতে ন্যূনতম দ্বিতীয় বিভাগ বা সমতুল্য জিপিএসহ এসএসসি বা এর সমতুল্য পরীক্ষা পাশ হতে হবে। বিআরটিএ কর্তৃক প্রদত্ত বৈধ মটর ড্রাইভিং লাইসেন্সসহ ৩ (তিন) বৎসর চাকরির অভিজ্ঞতা থাকতে হবে। ভারী মটর ড্রাইভিং লাইসেন্সধারীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।<br>অথবা<br>(খ) প্রার্থীকে অষ্টম শ্রেণি পাশসহ বিআরটিএ কর্তৃক প্রদত্ত বৈধ মটর ড্রাইভিং লাইসেন্সসহ ৫ (পাঁচ) বৎসর চাকরির অভিজ্ঞতা থাকতে হবে।<br>(গ) প্রার্থীকে ৬/৬ দৃষ্টিসম্পন্ন ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে এবং যানবাহন রক্ষণাবেক্ষণ ও লগ বই লেখার অভিজ্ঞতা থাকতে হবে। ভারী মটর ড্রাইভিং লাইসেন্সধারীদেরকে বিধি অনুযায়ী উচ্চতর স্কেল প্রদান করা যেতে পারে। উল্লিখিত পদটিতে গাড়ি ক্রয় সাপেক্ষে নিয়োগ দেয়া হবে। |

# বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পিরোজপুর

## পিরোজপুর-৮৫০০

| ক্রমিক | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল | সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ৭ | ল্যাব এটেনডেন্ট<br>গ্রেড-১৮<br>বেতন স্কেল : ৮,৮০০-২১,৩১০/- | ১টি | (ক) প্রার্থীকে কোন স্বীকৃত বোর্ড হতে এসএসসি (ভোকেশনাল) বা বিজ্ঞান বিভাগে এসএসসি পরীক্ষায় পাশ হতে হবে। |
| ৮ | অফিস সহায়ক<br>গ্রেড-২০<br>বেতন স্কেল : ৮,২৫০-২০,০১০/- | ৭টি | (ক) প্রার্থীকে কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হতে এসএসসি বা এর সমতুল্য পরীক্ষায় পাশ হতে হবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ (এক) বৎসরের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া যেতে পারে। |
| মোট | | ২০ | |

আগ্রহী প্রার্থীগণকে উল্লিখিত পদসমূহের বিপরীতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পিরোজপুর এর ওয়েবসাইট **www.bsmrstup.ac.bd** এর **CAREER** মেন্যুতে সংরক্ষিত আবেদন ফরম, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা এবং শর্তাবলি (পূর্ণাঙ্গ বিজ্ঞপ্তি) এর আলোকে আগামী ২৫/০১/২০২৪ তারিখের মধ্যে আবেদন করতে হবে।

### নিয়োগের শর্তাবলি :

১. ক্রমিক ১-২ এর পদের আবেদন ফি বাবদ ৬০০.০০ টাকা, ক্রমিক ৩ এর পদের জন্য আবেদন ফি বাবদ ৩০০.০০ টাকা, ক্রমিক ৪-৬ এর আবেদন ফি বাবদ ২০০.০০ টাকা এবং ক্রমিক ৭-৮ এর আবেদন ফি বাবদ ১০০.০০ টাকা "উপাচার্য, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পিরোজপুর" শিরোনামে জনতা ব্যাংক লি:, বেগম রোকেয়া সরণি শাখা, ঢাকা এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার করতে হবে;

২. আবেদনপত্রের সাথে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার, সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্র, স্থায়ী নাগরিকত্বের সনদপত্র, অন্যান্য কাগজপত্রের সত্যায়িত অনুলিপি এবং ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি জমা দিতে হবে। সকল পদের জন্য ০৭ (সাত) সেট করে আবেদনপত্র জমা দিতে হবে;

৩. খামের উপরে সংশ্লিষ্ট পদের নাম ও নিজ ঠিকানা উল্লেখ করতে হবে;

৪. আবেদনপত্র বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পিরোজপুর এর ঢাকাস্থ গেস্ট হাউজে [ফ্ল্যাট নম্বর : বি-৬, ১২৮৬/৩, পূর্ব মনিপুর, কাজীপাড়া (মেট্রোরেল পিলার নম্বর-২৬৯), মিরপুর, ঢাকা-১২১৬] অফিস চলাকালীন সময়ে (সকাল ১০:০০ টা থেকে বিকাল ৪:০০ পর্যন্ত) রেজিস্ট্রার, "বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পিরোজপুর" এর বরাবরে সরাসরি অথবা ডাকযোগে পৌছাতে হবে;

৫. ক্রমিক ০২ হতে ৮ পর্যন্ত পদে নিয়োগের ক্ষেত্রে প্রার্থীদের ন্যূনতম বয়সসীমা ১৮ বছর এবং সর্বোচ্চ ৩০ বছর হতে হবে। মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার নাতি-নাতনি, প্রতিবন্ধী, উপজাতি ও তফসিল সম্প্রদায়ভুক্ত অন্যান্য প্রার্থীদের ক্ষেত্রে সরকারি নির্দেশনা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে। কোটা সংরক্ষণের বিষয়ে সরকারি নির্দেশনা অনুসৃত হবে;

৬. বিশ্ববিদ্যালয়ে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে শর্ত শিথিলযোগ্য;

৭. অভিজ্ঞতা বলতে সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত/সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে যে কোন পদে চাকরির অভিজ্ঞতা বুঝাবে;

৮. কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে আবেদনপত্র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দাখিল করতে হবে;

৯. কোন পদে প্রার্থীর সংখ্যা বেশি হলে অথবা কর্তৃপক্ষ প্রয়োজন মনে করলে লিখিত পরীক্ষার ব্যবস্থা করা হতে পারে;

১০. অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে;

১১. প্রাথমিক বাছাইকৃত প্রার্থীদের লিখিত পরীক্ষা/সাক্ষাৎকারের তারিখ, সময় ও স্থান পত্র/টেলিফোন/এসএমএস/ই-মেইল-এর মাধ্যমে জানানো হবে। লিখিত পরীক্ষা/সাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না;

১২. সাক্ষাৎকারে অংশগ্রহণের সময় আবেদনকারীকে মূল সনদপত্র ও সংশ্লিষ্ট মূল কাগজ পত্রসহ উপস্থিত থাকতে হবে;

১৩. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবে না;

১৪. যে কোন ধরনের তদবির প্রার্থীদের অযোগ্যতা বলে বিবেচিত হবে;

১৫. কোন ধরনের মিথ্যা বা অসত্য তথ্য দিয়ে চাকরি গ্রহণ করলে যেকোন পর্যায়ে চাকরি হতে অপসারিত হতে হবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

২৪.১২.২০২৩খ্রি.

(ড. অলক কুমার সাহা)
রেজিস্ট্রার (চুক্তিভিত্তিক)
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পিরোজপুর
ফোন : ০২-৫৫০৭৩০৪৭

অনুলিপি (অবগতি ও কার্যার্থে) :

১. উপপরিচালক (অর্থ ও হিসাব), বশেমুরবিপ্রবিপি;
২. পিএস টু ভিসি, বশেমুরবিপ্রবিপি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য);
৩. অফিস কপি/মাস্টার কপি/নোটিশ বোর্ড।